

প্রেস বিজ্ঞপ্তি:
৭ মার্চ ২০২৪

বরাবর,
বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

জনাব
শুভেচ্ছা জানবেন!

‘কর্মজীবী নারী’ একটি বেসরকারি উন্নয়ন সংগঠন হিসেবে ১ মে ১৯৯১ সাল থেকে কাজ করছে। এই সংগঠনের লক্ষ্য হচ্ছে নারী ও পুরুষের সমতা আনয়ন, নারী ও নারীশ্রমিকের অধিকার প্রতিষ্ঠা এবং উন্নয়নের মূল ধারায় নারীদের সম্পৃক্ত করা। প্রথম থেকেই ‘কর্মজীবী নারী’ আইএলও কনভেনশন ও দেশে প্রচলিত শ্রমআইনসহ অন্যান্য আইন অনুযায়ী নারী ও নারীশ্রমিকের অধিকার আদায়ের জন্য কাজ করে আসছে।

আপনি/আপনারা অবগত আছেন যে, ৮ই মার্চ আন্তর্জাতিকভাবে নারী দিবস উদযাপিত হয়। আন্তর্জাতিক নারী দিবস, ২০২৪-এর প্রতিপাদ্য হলো “নারীর সমঅধিকার, সমসুযোগ-এগিয়ে নিতে হোক বিনিয়োগ”। এরই ধারাবাহিকতায় ‘কর্মজীবী নারী’ প্রতিবছরের ন্যায় এবারও এই দিবস পালন করছে। ‘কর্মজীবী নারী’ এই দিবসকে কেন্দ্র করে, “নারীর প্রতি সব ধরনের প্রতিবন্ধকতা দূর কর, নারীশ্রমিকদেরকে কর্মে যুক্ত থাকার উপযোগী পরিবেশ নিশ্চিত কর” এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামীকাল ০৮ মার্চ ২০২৪ শুক্রবার, সকাল ১০ টায় জাতীয় প্রেসক্লাবের সামনে ‘বর্ণাঢ্য র্যালি ও নারীশ্রমিক জমায়েত’ এর আয়োজন করতে যাচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কর্মজীবী নারীর প্রতিষ্ঠাতা সভাপতি ও সাবেক এমপি শিরীন আখতার।

উক্ত অনুষ্ঠানে বিভিন্ন উন্নয়ন সংগঠন, নারী সংগঠন, জাতীয় পর্যায়ের শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ, নারীশ্রমিক কণ্ঠ নেটওয়ার্কের নেতৃবৃন্দ ও বিভিন্ন খাতে কর্মরত নারীশ্রমিকেরা উপস্থিত থাকবেন।

অনুষ্ঠান : আন্তর্জাতিক নারী দিবস-২০২৪ উদযাপন উপলক্ষে
নারীশ্রমিক সমাবেশ ও র্যালি

বিষয় : নারীর প্রতি সব ধরনের প্রতিবন্ধকতা দূর কর, নারীশ্রমিকদেরকে কর্মে
যুক্ত থাকার উপযোগী পরিবেশ নিশ্চিত করো

তারিখ, সময় ও স্থান : ০৮ মার্চ ২০২৪ (শুক্রবার) সকাল ১০:০০ টায় প্রেসক্লাব প্রাঙ্গণ

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ড্রু পাঠানোর অনুরোধ করছি।

বার্তা প্রেরক

হাছিনা আক্তার
সমন্বয়ক, এইচ.আর এন্ড এডমিন, কর্মজীবী নারী
যোগাযোগ: ০১৭১২৪৭৯৫০১